



BANGLADESH TEXTILE MILLS ASSOCIATION

বাংলাদেশ টেক্সটাইল মিলস এসোসিয়েশন

Unique Trade Centre (Level 8), 8, Panthapath, Karwan Bazar, Dhaka-1215, Bangladesh
Phone: 48116358, 222248778, 58156619

E-mail: btmassg@gmail.com, btma2@yahoo.com, Web: www.btmadhaka.com

বিটিএমএ. বিএস.০১২.৬৮৬

আগস্ট ১২, ২০২৪

চেয়ারম্যান

জাতীয় রাজস্ব বোর্ড

আগারগাঁও, শের-ই-বাংলা নগর

ঢাকা -১২০৭।

বিষয়: বিটিএমএ'র নব নির্বাচিত প্রেসিডেন্ট এর দায়িত্বভার সম্পর্কিত বিষয় অবহতিকরণ ও বিভিন্ন স্বাক্ষর প্রদান প্রসঙ্গে।

জনাব,

আপনাকে অবহিত করছি যে, বাংলাদেশ টেক্সটাইল মিলস এসোসিয়েশন (বিটিএমএ) দেশের প্রাইমারী টেক্সটাইল সেক্টরের সর্ববৃহৎ সংগঠন। এর সদস্য মিলগুলো মূলতঃ স্পিনিং, উইভিং এবং ডাইয়িং-প্রিন্টিং-ফিনিশিং মিল। বিটিএমএ'র সদস্যভুক্ত মিলের সংখ্যা ১৮০০ এর মত, যাতে বিনিয়োগের পরিমাণ প্রায় ২ লক্ষ ৫০ হাজার কোটি টাকার মত। বাংলাদেশের প্রাইমারী টেক্সটাইল সেক্টর দেশের তৈরী পোশাক শিল্পের সুতা ও কাপড়ের সিংহভাগ সরবরাহ করছে।

আপনার সদয় অবগতি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানাচ্ছি যে বিটিএমএ'র প্রেসিডেন্ট পদ থেকে জনাব মোহাম্মদ আলী খোকন ব্যক্তিগত কারণে পদত্যাগ করায় গত ১১-০৮-২০২৪ তারিখে অনুষ্ঠিত বিটিএমএ'র পরিচালনা পর্ষদের বিশেষ সভায় বিটিএমএ'র Memorandum and Article of Association জনাব শওকত আজিজ রাসেল কে বিটিএমএ'র প্রেসিডেন্ট হিসাবে সর্বসম্মতিক্রমে নির্বাচিত করা হয়েছে। বিটিএমএ'র প্রেসিডেন্ট হিসাবে তিনি বিটিএমএ'র স্বার্থ সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ সরকারী মন্ত্রণালয়/সংস্থায় প্রেরিত চিঠিপত্র/নথি/প্রত্যয়নপত্রে স্বাক্ষর প্রদান করবেন।

এ প্রসঙ্গে আপনার জ্ঞাতার্থে জানাচ্ছি যে বিটিএমএ জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক জারীকৃত নানাবিধ এস.আর.ও এর ক্ষমতাবলে বেশ কিছু প্রত্যয়নপত্র ইস্যু করে আসছে যাতে এস.আর.ও এর বাধ্যবাধকতার কারণে বিটিএমএ'র প্রেসিডেন্ট স্বাক্ষর প্রদান করছেন। এখন থেকে বিটিএমএ'র প্রেসিডেন্ট জনাব শওকত আজিজ রাসেল এস.আর.ও এর আলোকে উক্ত প্রত্যয়নপত্রে স্বাক্ষর প্রদান করবেন। জনাব শওকত আজিজ রাসেল, প্রেসিডেন্ট বিটিএমএ'র নমুনা স্বাক্ষর নিম্নে প্রদান করা হলো:

জনাব শওকত আজিজ রাসেল

বিষয়টি আপনার সদয় অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

ধন্যবাদান্তে,

বিগ্গেডিয়র জেনারেল মোঃ জাকির হোসেন (অবঃ)

সেক্রেটারী জেনারেল

অনুলিপি:

১. কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম
২. কমিশনার, কাস্টম হাউস, কুমিল্লা, ঢাকা
৩. কমিশনার, কাস্টম হাউস, বেনাপোল, যশোর
৪. কমিশনার, কাস্টম হাউস, আইসিডি, কমলাপুর, ঢাকা
৫. কমিশনার, কাস্টম হাউস, পানগাঁও, কেরানীগঞ্জ, ঢাকা
৬. কমিশনার, কাস্টম হাউস, মংলা, বাগেরহাট।